ভর্তি

# মেডিকেলের তৃতীয় মাইগ্রেশন শুরু আজ, ১০ আসন ফাঁকা

**নিজস্ব প্রতিবেদক** ঢাকা



২০২২-২৩ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ এমবিবিএস কোর্সে সরকারি মেডিকেল কলেজগুলোতে দ্বিতীয় দফার মাইগ্রেশন এবং অপেক্ষমাণ তালিকা থেকে শিক্ষার্থী ভর্তিতে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

রোববার স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, দেশের সরকারি মেডিকেল কলেজে অপেক্ষমাণ তালিকা থেকে এখন ১০টি আসন ফাঁকা রয়েছে। এ আসনগুলোতে মঙ্গলবার (৬ জুন) ভর্তি প্রক্রিয়া শুরু হবে। ভর্তিপ্রক্রিয়া চলবে ১৪ জুন পর্যন্ত।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, ‘২০২২-২৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ এমবিবিএস কোর্সে সরকারি মেডিকেল কলেজসমূহে ভর্তি পরীক্ষায় প্রকাশিত ফলাফলের ভিত্তিতে প্রথম দফায় মাইগ্রেশন এবং অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি শেষে গত ২১

By using this site, you agree to our Privacy Policy. OK

মের মধ্যে ভর্তি না হওয়ায় এবং ইতিমধ্যে ভর্তি বাতিল করায় শূন্য আসনে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে দ্বিতীয় দফায় মাইগ্রেশন প্রক্রিয়া সম্পন্ন করা হয়।

সরকারি মেডিকেল কলেজসমূহে অপেক্ষমাণ তালিকা থেকে সর্বমোট ১০ জনকে ভর্তির জন্য মনোনীত করা হলো। তাঁদের মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে এবং আসন শূন্যতার পরিপ্রেক্ষিতে বিভিন্ন কলেজ নির্ধারণ করা হয়েছে।'

মাইগ্রেশনের সুযোগ পাওয়া শিক্ষার্থীরা ভর্তিকৃত কলেজের অধ্যক্ষের দপ্তরে যোগাযোগ করে ৬ থেকে ১৪ জুনের মধ্যে মাইগ্রেশন প্রক্রিয়া অর্থাৎ বর্তমান ভর্তিকৃত কলেজ থেকে বদলি/মাইগ্রেশনকৃত কলেজে ভর্তির সব আনুষ্ঠানিকতা সম্পন্ন করবেন। উল্লেখিত সময়ের মধ্যে মাইগ্রেশনপ্রাপ্ত শিক্ষার্থীদের কেউ ভর্তি হতে ব্যর্থ হলে উভয় কলেজ থেকে তাঁর ছাত্রত্ব বাতিল হয়ে যাবে।

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.